ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪১৭৪

আগরতলা, ৫ ডিসেম্বর, ২০২৫

**রাজ্যের উৎপাদিত আনারস বহির্রাজ্যে আরও বেশি করে**
**রপ্তানী করতে নিলাম কেন্দ্র গড়ে তোলা হবে ঃ মুখ্যমন্ত্রী**

রাজ্যে সহজলভ্য কাচামাল কাজে লাগিয়ে শিল্প কারখানা গড়ে তুলতে গুরুত্বারোপ করেছেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। এক্ষেত্রে গতানুগতিকতার বাইরে গিয়ে নতুনভাবে চিন্তা ভাবনা করতে হবে। আজ সচিবালয়ের কনফারেন্স হলে ত্রিপুরা ক্ষুদ্র শিল্প নিগমের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে উপলব্ধ বনজসম্পদ, আনারস, চাপাতা, রাবার প্রভৃতি বিশেষভাবে কাজে লাগাতে হবে। বর্তমান সময়ের কথা চিন্তা করে পরিবেশবান্ধব এবং বায়ো ডিগ্রেডেবল পণ্য উৎপাদনে গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, রাজ্যের উৎপাদিত আনারস বহির্রাজ্যে আরও বেশি করে রপ্তানী করতে নিলাম কেন্দ্র গড়ে তোলা হবে। তিনি আনারস উৎসবের আয়োজন করার জন্যও পরামর্শ দেন। মুখ্যমন্ত্রী রাজ্যে একটি দেশলাই তৈরী এবং মশলা তৈরীর কারখানা গড়ে তোলার বিষয়ে উদ্যোগ নিতে টিএসআইসি'র আধিকারিকদের পরামর্শ দেন।

পর্যালোচনা সভায় টিএসআইসি'র কাজকর্ম এবং ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে মুখ্যমন্ত্রীকে অবহিত করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা এবং টিএসআইসি'র চেয়ারম্যান তথা বিধায়ক শম্ভুলাল চাকমা। শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে স্লাইড শো এর মাধ্যমে টিএসআইসি'র বিভিন্ন বিষয়ে মুখ্যমন্ত্রীকে অবহিত করেন। মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় সহ টিএসআইসি'র এমডি এবং আধিকারিকগণ সভায় উপস্থিত ছিলেন।

******